

13 অক্টোবর, 2026

প্রিয় পরিবারবর্গ:

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এ (NYCPS), আমাদের শিক্ষার্থীদের নিরাপত্তা ও কল্যাণ হলো আমাদের সর্বোচ্চ প্রাধান্য। শিক্ষার্থীরা নিরাপদ আছে এবং তাদের মনোযোগ যে সবসময় শেখার প্রতি আছে তা নিশ্চিত করতে আমাদের স্কুলগুলোতে কীভাবে প্রযুক্তির ব্যবহার করা হয় সেবিষয়ে আমরা সতর্কতার সাথে ভাবি।

এই বছর আপনার সন্তানের ক্লাসরুমের ভিতরে-বাহিরে কীভাবে প্রযুক্তি ব্যবহৃত হবে সেসম্পর্কে আপনি কী প্রত্যাশা করতে পারেন সেবিষয়ে হালনাগাদ তথ্য ও অনুস্মারক জানাতে আমরা যোগাযোগ করছি।

প্রযুক্তি বিষয়ক নতুন নীতিমালা

2026–2027 শিক্ষা বছরের জন্য, শিক্ষার্থীর আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (AI) এবং স্ক্রিন ব্যবহারে প্রতিটি গ্রেড স্তরের জন্য যথোপযুক্ত পথ-নির্দেশনা সহ আমরা একটি সুচিন্তিত পন্থা গ্রহণ করছি।

গ্রেড	আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স	স্ক্রিনে সময় ব্যয় করার সময়সীমা
2-K – 2	শিক্ষার্থী-মুখী জেনারেটিভ AI ব্যবহার করার অনুমতি নেই	দৈনিক 1:1 স্ক্রিনে ব্যয় করার জন্য সময় নেই
3 – 5		দৈনিক 1:1 স্ক্রিনে ব্যয় করার জন্য সর্বোচ্চ 30 মিনিট সুপারিশ করা হয়
6 – 8		দৈনিক 1:1 স্ক্রিনে ব্যয় করার জন্য সর্বোচ্চ 45 মিনিট সুপারিশ করা হয়
হাই স্কুল	সুনির্দিষ্ট অনুমোদিত উদ্দেশ্যের জন্য জেনারেটিভ এআই (AI) সম্পর্কে জানতে এবং ব্যবহার করতে সীমিত, পথ-নির্দেশনা সহ বিভিন্ন সুযোগ	দৈনিক 1:1 স্ক্রিনে ব্যয় করার জন্য সময় নির্ভর করবে তাদের কোর্স এবং স্কুলের উপর

এসব নীতি প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থী এবং ইংরেজি ভাষা শিক্ষার্থীদের (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স, ELLs) জন্য প্রয়োজনীয় উপকরণ, অথবা মূল্যায়ন (অ্যাসেসমেন্ট), দূর থেকে (রিমোট) শিক্ষা-নির্দেশনার দিনের সাথে সম্পর্কযুক্ত স্ক্রিন সময়, অথবা ই-বুক এবং কোডিংয়ের মতো কেন্দ্রীয়ভাবে অনুমোদিত শিক্ষা-নির্দেশনার ব্যবহারকে অন্তর্ভুক্ত করে না। এসব নীতি সম্পর্কে আরো জানতে, অনুগ্রহ করে schools.nyc.gov/AI দেখুন।

সেল ফোন এবং ব্যক্তিগত ডিভাইস সংক্রান্ত নীতি

আপনার সন্তানের স্কুল দিবস চলাকালে ব্যক্তিগত ইন্টারনেট-সংযুক্ত ইলেক্ট্রনিক ডিভাইস ব্যবহার করার অনুমতি নেই। এতে অন্তর্ভুক্ত সেল ফোন, ল্যাপটপ, এবং ট্যাবলেট। আপনার সন্তানের স্কুল কীভাবে ডিভাইস সুরক্ষিত করে রাখবে সেবিষয়ে তারা তথ্য দেবে।



শিক্ষার্থীরা আমাদের নতুন স্ক্রিনে ব্যয় করা সময়ের নীতি অনুযায়ী তাদের স্কুল থেকে ইস্যুকৃত ডিভাইস ব্যবহার অব্যাহত রাখতে পারবে। আরো জানতে schools.nyc.gov/DevicePolicy দেখুন।

শিক্ষার্থীর গোপনীয়তা

NYCPS আপনার সন্তানের ব্যক্তিগত তথ্য, শিক্ষায়তনিক রেকর্ড, এবং অন্যান্য সংবেদনশীল তথ্য নিরাপদ ও সুরক্ষিত রাখতে প্রতিশ্রুতিবদ্ধ। একজন NYCPS পিতামাতা অথবা অভিভাবক হিসেবে, আপনার বিভিন্ন অধিকার রয়েছে, যা আপনার সন্তানের ব্যক্তিগত এবং শিক্ষাগত তথ্য সুরক্ষিত রাখতে সহায়তা করে। আরো জানতে schools.nyc.gov/StudentPrivacy দেখুন।

আপনার সন্তানের NYCPS স্টুডেন্ট অ্যাকাউন্ট

আপনি জানেন কি, আপনার সন্তান যখন স্কুলে প্রথম নথিভুক্ত বা এনরোল হয়েছে তখন আপনাআপনিভাবে একটি NYCPS অ্যাকাউন্ট লাভ করেছে? তাদের “@nycstudents.net” অ্যাকাউন্ট দিয়ে, শিক্ষার্থীরা TeachHub, Google Classroom, iLearnNYC, Microsoft Office, Adobe Creative Cloud, এবং আরো অনেক প্ল্যাটফর্ম ব্যবহার করতে পারবে!

NYCPS-এর **TeachHub (টিচহাব)** প্ল্যাটফর্ম শিক্ষার্থীদেরকে NYCPS-এর শিক্ষা অর্জনের সবগুলো অ্যাপ্লিকেশনের সাথে একই স্থানে সংযুক্ত করে! আরো জানতে schools.nyc.gov/TeachHub দেখুন।

আপনার স্কুল আপনার শিক্ষার্থীর অ্যাকাউন্টের জন্য ইউজারনেম এবং পাসওয়ার্ড শেয়ার করবে। আরো জানতে schools.nyc.gov/StudentAccounts দেখুন।

অনুগ্রহ করে লক্ষ্য করবেন: শিক্ষার্থীদের জন্য একটি NYCPS স্টুডেন্ট অ্যাকাউন্ট পিতামাতাদের জন্য একটি নিউ ইয়র্ক সিটি স্কুলস্ অ্যাকাউন্ট (NYCSA) থেকে ভিন্ন। নিচে আপনি NYCSA সম্পর্কে আরো তথ্য পাবেন।

আপনার নিউ ইয়র্ক সিটি স্কুলস্ অ্যাকাউন্ট (NYCSA)

অনলাইনে আপনার সন্তানের গ্রেড, টেস্টের স্কোর, উপস্থিতি, পরিবহন এবং আরো অনেক কিছু একই স্থানে পেতে NYCSA হলো একটি সহজ উপায়। এখনও একটি NYCSA নেই? শুরু করার জন্য schools.nyc.gov/NYCSASetUp দেখুন। অনুগ্রহ করে জেনে রাখুন, জিম্মাদার-নন এমন পিতামাতা বা অভিভাবকগণ যেন একটি অ্যাকাউন্ট তৈরি করতে পারেন এবং একটি নির্দিষ্ট সময় অপেক্ষা (ওয়েটিং টাইম) ছাড়াই তাদের সন্তানের তথ্য দেখতে সক্ষম হন, সেজন্যে এই শিক্ষা বছরের এক সময় আমরা NYCSA দেখার সুযোগ বৃদ্ধি করছি। আপনার অ্যাকাউন্ট দিয়ে আপনি কী করতে পারেন এবং আসন্ন পরিবর্তনসমূহ সম্পর্কে জানতে schools.nyc.gov/NYCSA দেখুন।



দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং)

ইলেকশন ডে (নির্বাচনের দিন), মঙ্গলবার, 3 নভেম্বর, এবং দুর্যোগপূর্ণ আবহাওয়া অথবা অন্যান্য জরুরি পরিস্থিতির কারণে কোনো সময় সশরীরে শিক্ষা অর্জন বাতিল করা হলে রিমোট লার্নিং (দূর থেকে শেখা) অনুষ্ঠিত হবে। রিমোট লার্নিংয়ের দিনগুলোতে, কিভারগার্টেন এবং এর উপরের গ্রেডের শিক্ষার্থীরা বাড়ি থেকে তাদের ক্লাসে অংশগ্রহণ করবে। যেসব ছেলেমেয়ে LYFE-এ অথবা কোনো এলিমেন্টারি স্কুল কিংবা প্রি-K সেন্টারের কোনো 3-K বা প্রি-K প্রোগ্রামে আছে, তাদের প্রোগ্রামের রূপরেখা অনুযায়ী দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) কার্যক্রমে অংশগ্রহণ করা উচিত।

রিমোট লার্নিং (দূর থেকে শিক্ষণ)-এ অংশগ্রহণের জন্য আপনার সন্তানের ইন্টারনেটে সংযুক্ত হতে পারে এমন একটি কম্পিউটার, ল্যাপটপ, বা আইপ্যাড প্রয়োজন হবে। যদি তার একটি না থেকে থাকে, তাহলে আপনি আপনার স্কুল থেকে একটি NYCPS-এর ধার দেয়া ডিভাইসের অনুরোধ করতে পারেন। আপনার পরিবার schools.nyc.gov/DigitalLearning -এ সহায়ক তথ্য দেখার মাধ্যমে প্রস্তুত আছে তা নিশ্চিত করুন।